অর্থালঙ্কার / উপমা ও

মালোপমা — / অনেক সময় দেখা যায় কোনো বর্ণনীয় বিষয়ের নানাগুণ বোঝাতে একসঙ্গে অনেকগুলি বস্তু বা বিষয়ের সঙ্গে তুলনা করা হয়ে থাকে। যেমন কোনো সুন্দর মুখের বর্ণনা করতে গিয়ে একইসঙ্গে ফুলের সঙ্গে, চাঁদের সঙ্গে, নদীর সঙ্গে তুলনা করা হল। অর্থাৎ উপমেয় একটিমাত্র হলেও উপমান সেখানে একাধিক। এই উপমেয়র মালার মতো উপমান সজ্জিত থাকলেই সেই উপমা অলঙ্কারকে বলা হবে মালোপমা।

অর্থাৎ —

যে উপমা অলঙ্কারে উপমেয় একটি, কিন্তু উপমান একাধিক, তাকে বলা হয় মালোপমা।

মনে রাখতে হবে, মালোপমায় উপমেয় ও উপমান ছাড়া অন্য কিছু অর্থাৎ (সাদৃশ্য বা তুলনা-বাচক শব্দ) উপস্থিত থাকতেও পারে, না থাকতেও পারে।

'তাহারে দেখেছি আমি সুখস্বপ্নের মতো,
চন্দনতরুর সম সুবাসিত, প্রভাতী হাওয়ার
মতো স্নিগ্ধ, তাপহরা।'

এখানে উপমেয় সে বা 'তাহারে'।
উপমান — সুখস্বপ্ন, চন্দনতরু, প্রভাতী হাওয়া।
অতএব এটি মালোপমা।

তাহলে একবার পূর্ণোপমা, লুপ্তোপমা ও মালোপমা একসঙ্গে পড়ে নিয়ে দেখো, ব্যাপারটা মোটেই কঠিন নয়।